

নিরাপদ খাদ্য কি ?

প্রত্যাশিত ব্যবহার ও উপযোগিতা অনুযায়ী মানুষের জন্য বিশুদ্ধ ও স্বাস্থ্যসম্মত আহার্য হচ্ছে নিরাপদ খাদ্য।

খাদ্য কিভাবে অনিরাপদ হয়

- অপরিষ্কার খালা বাসন ব্যবহার করলে
- নোংরা ও অনিরাপদ পানি ব্যবহার করলে
- খাবার খোলা অবস্থায় রাখলে
- অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য প্রস্তুত করলে
- কাঁচা ও রান্না করা খাবার একসাথে রাখলে
- খাবারে কাপড়ের রং বা অননুমোদিত রং ব্যবহার করলে
- অপরিষ্কার তাপে রান্না করলে
- শস্য ক্ষেতে মাত্রাতিরিক্ত কীটনাশক বা বালাইনাশক ব্যবহার করলে
- কীটনাশক বা বালাইনাশক প্রয়োগের পর অপেক্ষমান সময়ের পূর্বে জমি থেকে শস্য সংগ্রহ করলে
- পশু বা মৎস্য চিকিৎসায় ঔষধের ব্যবহারের পর অপেক্ষমান সময়ের পূর্বে খাদ্য হিসাবে গ্রহণ করলে

মনে রাখবেন, ভোক্তা হিসেবে নিরাপদ খাদ্য পাওয়া

আপনার অধিকার-এ লক্ষ্যে

- মেয়াদ দেখে খাদ্য বা খাদ্য উপকরণ ক্রয় করুন।
- খাদ্য বা খাদ্য উপকরণ ক্রয়ের রশিদ/চালান সংগ্রহ করুন।
- অনুমোদিত স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান থেকে খাদ্য বা খাদ্য উপকরণ সংগ্রহ করুন।
- প্রয়োজনে নিরাপদ খাদ্য কর্মকর্তা, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ কর্মকর্তা, স্থানীয় ইউনিয়নের চেয়ারম্যান ও পুলিশের সাথে যোগাযোগ করুন।

আপনি একজন কৃষক, একজন খাদ্য উৎপাদক হিসাবে

আপনি কি প্রতারণিত হচ্ছেন ?

কতিপয় অসাধু ব্যবসায়ী জেনেশুনে, লোভের বশবর্তী হয়ে ভেজাল সার, কীটনাশক ইত্যাদি বাজারজাত করছে, যা শাস্তিযোগ্য অপরাধ। কিন্তু আপনি না জেনে তাদের উপর বিশ্বাস রাখতে গিয়ে প্রতারণিত হচ্ছেন এবং আপনার উৎপাদিত খাদ্যকে অনিরাপদ করছেন।

আপনার করণীয়:

- দূষিত ও ভেজালমুক্ত সার ও কীটনাশক ব্যবহার করুন।
- শস্য ক্ষেতে মাত্রাতিরিক্ত ও মেয়াদোত্তীর্ণ কীটনাশক বা বালাইনাশক ব্যবহার হতে বিরত থাকুন।
- অনভিজ্ঞ, অসাধু লোক বা ব্যবসায়ী প্রতিনিধির পরামর্শে সার বা কীটনাশক ব্যবহার করবেন না।
- প্রাণী চিকিৎসকের পরামর্শ ব্যতীত স্টেরয়েড, হরমোন, এন্টিবায়োটিক ইত্যাদি ব্যবহার করবেন না।
- অনুমোদিত স্বনামধন্য ব্র্যান্ডের মৎস্য ও পশু খাদ্য ব্যবহার করুন।

আপনি কি একজন খাদ্য ব্যবসায়ী ?

সাধারণভাবে খাদ্য ব্যবসায়ী হিসাবে নিরাপদ খাদ্য ক্রয় বিক্রয় আপনার কর্তব্য। তবে নিরাপদ খাদ্য নিশ্চিত করা একক কারো পক্ষে সম্ভব নয়, এটা সকলের দায়িত্ব। ব্যবসায়ী হিসাবে আপনার দায়িত্ব-

- আপনার দোকান/প্রতিষ্ঠান এর পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা।
- দোকান/প্রতিষ্ঠান কীট-পতঙ্গমুক্ত রাখা।
- খাদ্য বা খাদ্য উপকরণের ক্রয় বিক্রয় রশিদ ও চালান সংরক্ষণ করা।
- মেয়াদোত্তীর্ণ ও ভেজাল খাবার দোকান/প্রতিষ্ঠানে না রাখা।